গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
www.boiler.gov.bd

নম্বরঃ ৩৬.১১.০০০০.০০১.১১.০১৫.২২.৯৮-৮৭

তারিখঃ ২৯/০৮/২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে অস্থায়ী রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে ( http://boiler.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ০১ | বয়লার টেকনিশিয়ান | ০১ (এক) টি (অস্থায়ী) | (৯, ৩০০/- ২২,৪৯০/-) গ্রেড-১৬ | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক বা সমমানের সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত কোন ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল বা পাওয়ার ট্রেড কোর্স সম্পন্ন করা সার্টিফিকেটধারী হইতে হইবে। | মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারিপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, জামালপুর, ময়মনসিংহ, শেরপুর, চাঁদপুর, সিরাজগঞ্জ, নওগাঁ, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ভোলা, বরগুনা, পটুয়াখালী। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | ড্রাইভার | ০১ (এক) টি (অস্থায়ী) | (৯,৩০০/- ২২,৪৯০/-) গ্রেড-১৬ | অষ্টম/জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞ। | |
| ০৩ | অফিস সহায়ক | ১২ (বার) টি (অস্থায়ী) | (৮,২৫০/- ২০,০১০/-) গ্রেড-২০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, কুমিল্লা, সিরাজগঞ্জ, রংপুর, দিনাজপুর, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল, বরগুনা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১. ০১/০৯/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:
ক) সাধারণ প্রার্থীদের (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে অন্যূন ১৮ বছর থেকে সর্বোচ্চ ৩০ বছর।
খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে ১৮-৩২ বছর।
২. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারী নিয়োগের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
৩. লিখিত পরীক্ষা, ব্যবহারিক/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৪. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে এ কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে ও সকল প্রকার কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
৬. জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
৭. নিয়োগবিধি অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে।
৮. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।
৯. প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় এর ওয়েবসাইট (www.boiler.gov.bd) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।
১০. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১১. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
১২. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://boiler.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১/০৯/২০২২ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/০৯/২০২২ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Aplicant`s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় ( ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Aplicant`s copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ ও ২নং ক্রমিকের জন্য ১০০/- টাকা এবং টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা, (অফেরত যোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৩নং ক্রমিকের জন্য ৫০/- টাকা এবং টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা, (অফেরত যোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** **BOILER**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **BOILER ABCDEF**

Reply: Applicant's Name, Tk- 112 / 56 (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOILER<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **BOILER**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **BOILER YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOILER Application for post xxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://boiler.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, শিল্প মন্ত্রণালয় এর ওয়েবসাইটে www.boiler.gov.bd এবং http://boiler.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.boiler.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

ঝ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**i. User ID জানা থাকলে:** **BOILER**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **BOILER Help User ABCDEF** & send to 16222

**ii. PIN Number জানা থাকলে:** **BOILER**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: **BOILER Help PIN 12345678** & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। ই-মেইলের Subject এ Organization name: BOILER, Post Name: xxxxxx, Applicant's user ID, Contact number অবশ্যই লিখতে হবে

*** ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পরলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

Surajit

(সুরজিত বর্মন)
উপ-প্রধান বয়লার পরিদর্শক ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়।